

# ফল বিপর্যয়ে কুমিল্লায় ৪৬৮ কলেজে খালি থাকবে দেড় লাখ আসন

ইউএনবি

প্রকাশ : ০২ আগস্ট ২০২৫, ০২:০০



চলতি বছর এসএসসি পরীক্ষায় ফল বিপর্যয় হয়েছে। যার প্রভাব পড়েছে কলেজগুলোতে। আশঙ্কা করা হচ্ছে হয়তো শিক্ষার্থী সংকটে বন্ধ হয়ে যাবে অনেক কলেজ।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

পরিসংখ্যান অনুযায়ী একাদশ শ্রেণির ভর্তিতে কুমিল্লা বোর্ডে ৪৬৮ কলেজে খালি থাকবে দেড় লাখ আসন। ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় এ বোর্ডে গণিতে ভরাডুবির কারণে ফল বিপর্যয়ে এমন পরিস্থিতির তৈরি হয়েছে। ছয় জেলার ৪৬৮টি কলেজে ভর্তিচ্ছু শিক্ষার্থীর সংকট দেখা দিয়েছে।

কুমিল্লা বোর্ডের কলেজগুলোতে ২ লাখ ৫৯ হাজার ২৬০টি আসন রয়েছে। কিন্তু ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ১ লাখ ৬ হাজার ৫৮১ জন। সেই হিসাবে এ বছর আসন খালি থাকবে ১ লাখ ৫২ হাজার ৬৭৯টি।

সূত্রমতে, কুমিল্লা শিক্ষাবোর্ডের অধিভুক্ত ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী ও কুমিল্লা জেলায় ৪৬৮টি কলেজ রয়েছে। এর মধ্যে কুমিল্লা ক্যাডেট কলেজ ও ফেনী গার্লস ক্যাডেট কলেজে নিজস্ব শিক্ষার্থী ছাড়া বাইরের কোনো শিক্ষার্থী ভর্তি করানো হবে না। শিক্ষার্থী না পেলে অনেক কলেজ বন্ধ হয়ে যেতে পারে বলেও জানিয়েছে শিক্ষা বোর্ড সূত্র। তবে এ বিষয়ে এখনো মন্ত্রণালয় কোনো সিদ্ধান্ত দেয়নি।

একাধিক অভিভাবক ও শিক্ষার্থীর সঙ্গে কথা বলে জানা গেছে, শহরের কলেজগুলোর মধ্যে প্রথম পছন্দ কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, এরপর কুমিল্লা সরকারি কলেজ ও কুমিল্লা শিক্ষা বোর্ড মডেল কলেজ।

কুমিল্লা কমার্স কলেজের অধ্যক্ষ হুমায়ুন কবীর মাসউদ বলেন, কুমিল্লা বোর্ড এবার লেভেল প্লেয়িং ফিল্ডে পরীক্ষা নেওয়ার চেষ্টা করেছে। যার কারণে এবার এসএসসির ফলাফলে শিক্ষার প্রকৃত চিত্র উঠে এসেছে। সব কলেজে শিক্ষার্থী সংকট হবে, বিষয়টি আমি বিশ্বাস করি না। কারণ যেসব কলেজে মানসম্মত পাঠদান হয়, তাদের শিক্ষার্থী পেতে সমস্যা হবে না।

চৌদ্দগ্রাম আলহাজ্ব নূর মিয়া ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মুহাম্মদ মহিব বুল্লাহ বলেন, শহরের তুলনায় গ্রামের কলেজগুলোতে এ বছর শিক্ষার্থীর সংখ্যা কিছুটা কম হতে পারে। কিন্তু শিক্ষার মান বাড়বে বলে মনে করেন এই শিক্ষক।

কুমিল্লা শিক্ষাবোর্ডের উপ-কলেজ পরিদর্শক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন মজুমদার বলেন, কুমিল্লা বোর্ডের অধীনে মোট ৪৬৮টি কলেজ রয়েছে। কলেজগুলোতে ২ লাখ ৫৯ হাজার ২৬০টি আসন থাকলেও এবার অনেক কলেজ প্রত্যাশিত শিক্ষার্থী পাবে না। দেড় লাখেরও বেশি আসন খালি থাকবে। ২০২৪ সালে এসএসসি পাস করেও ১৯ হাজার ৪৫৬ জন ভর্তি হয়নি। বাল্যবিয়ে, বিদেশগামী প্রবণতা, দরিদ্রতা ও অন্যবোর্ডে স্বল্পসংখ্যক শিক্ষার্থী ভর্তি ও বদলির কারণে তারা ভর্তি হয়নি। এদের সিংহভাগই ঝরে গেছে।

পরিদর্শক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন মজুমদার আরও বলেন, অনলাইনে ভর্তি ফরম পূরণ শুরু ৩০ জুলাই থেকে। চলবে আগামী ১১ আগস্ট পর্যন্ত। অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোনো ভর্তি কার্যক্রম করা হবে না। এবার ভর্তির আবেদন ফি ২২০ টাকা। প্রথম পর্যায়ে আবেদনের ফল প্রকাশ ২০ আগস্ট রাত আটটা। শিক্ষার্থীর কলেজ নির্বাচন নিশ্চায়ন ফল প্রকাশের পর থেকে ২২ আগস্ট রাত আটটা পর্যন্ত।

তিনি আরও বলেন, দ্বিতীয় পর্যায়ে আবেদন গ্রহণ ২৩ থেকে ২৫ আগস্ট রাত আটটা পর্যন্ত। দ্বিতীয় পর্যায়ে আবেদনের ফল প্রকাশ ২৮ আগস্ট রাত আটটায়। দ্বিতীয় পর্যায়ে শিক্ষার্থীর কলেজ নির্বাচন নিশ্চায়ন ২৯ থেকে ৩০ আগস্ট রাত আটটা পর্যন্ত।

একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা ২০২৫ মোতাবেক আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তি ১২ আগস্ট। এসএসসির পুনঃনিরীক্ষণের ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ ১৩ ও ১৪ আগস্ট। পছন্দক্রম পরিবর্তনের সময় নির্ধারণ করা হয়েছে ১৫ আগস্ট।

ইত্তেফাক/এএম